বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অধ্যক্ষের কার্যালয়**

সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

Web site: www.blcollege.edu.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

ফোন: +৮৮-০৪১-৭৬২৯৪৪

তারিখঃ ১০.০৮.২০২১ খ্রি.

## দ্বাদশ শ্রেণির (শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০) শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

সরকারি ব্রজলাল কলেজের ২০২১ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের অবহিত করা যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারীর কারণে স্বাভাবিক শ্রেণি পাঠদান ব্যাহত হওয়ায় এনসিটিবি কর্তৃক পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি অনুযায়ী অ্যাসাইনমেন্ট কার্যক্রম শুরু হয়েছে। ২০২১ সালের এইচ.এস.সি. পরীক্ষার্থীদের জন্য পুনবিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে প্রণয়নকৃত অ্যাসাইনমেন্ট ১ম ধাপে ০২ (দুই) সপ্তাহের (১ম ও ২য় সপ্তাহ) জন্য ১৭টি বিষয়ের (পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান, উচ্চতর গণিত, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি, যুক্তিবিদ্যা, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, ভূগোল, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, ফিন্যান্স, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন, ইসলাম শিক্ষা) অ্যাসাইনমেন্ট প্রদান করা হয়েছিল। ইতোমধ্যেই ২য় ধাপে ৩য় সপ্তাহের অ্যাসাইনমেন্ট প্রদান করা হয়েছে। শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট গ্রহণ এবং জমা প্রদান সংক্রান্ত নিম্নলিখিত নির্দেশাবলী অনুসরণ করার জন্য নির্দেশ দেওয়া হলো।

### অ্যাসাইনমেন্ট গ্রহণ/প্রাপ্তির ঠিকানা

১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট: **www.dshe.gov.bd**

২. সরকারি ব্রজলাল কলেজের ওয়েবসাইট: **www.blcollege.edu.bd**

৩. বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার সংশিষ্ট **Facebook** গ্রুপ: **SCIENCE HSC (2020-2021) BLC, HUMANITIES HSC (2020-2021) BLC ও BUSINESS STUDIES HSC (2020-2021) BLC**

### অ্যাসাইনমেন্ট তৈরি ও জমাদান সংক্রান্ত নির্দেশনা

১. অ্যাসাইমেন্ট জমা দেওয়া প্রত্যেক শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক।

২. অ্যাসাইনমেন্ট **A4** সাইজের সাদা কাগজে শিক্ষার্থীকে স্বহস্তে লিখতে হবে।

৩. নোট, গাইড, অনলাইন বা অন্য কারো লেখা থেকে হুবহু তুলে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল হবে।

৪. অ্যাসাইমেন্ট বা নির্ধারিত কাজ তৈরি করতে এনসিটিবি প্রণীত/অনুমোদিত/প্রকাশিত নির্ধারিত শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক ব্যবহার করতে হবে।

৫. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত নমুনা কভারপেজ অনুযায়ী প্রস্তুতকৃত কলেজ নির্ধারিত কভারপেজ অনুসরণ করতে হবে।

৬. কভার পৃষ্ঠার উপরের অংশে উল্লিখিত তথ্য ইংরেজিতে যথাযথভাবে পূরণ ও তা যাচাইপূর্বক অ্যাসাইনমেন্ট জমা দিতে হবে।

৭. ১ম ও ২য় সপ্তাহের অ্যাসাইনমেন্ট ১১.০৮.২০২১ তারিখ (বিজ্ঞান বিভাগ) এবং ১২.০৮.২০২১ তারিখ (মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ) শিক্ষার্থীদের কলেজের একাডেমিক ভবনে জমা দিতে হবে।

৮. ৩য় সপ্তাহের অ্যাসাইনমেন্ট ১৬.০৮.২০২১ তারিখ (বিজ্ঞান বিভাগ) এবং ১৭.০৮.২০২১ তারিখ (মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ) জমা দিতে হবে।

৯. কোভিড ১৯ বিবেচনায় অ্যাসাইনমেন্ট কলেজে জমা প্রদানের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে।

10.8.2021

(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

D:\BLCollege\BL Admin doc [illegible]\Notice Folders\[illegible].docx